মুজিবনগরে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা যুব উন্নয়ন অফিসের উদ্যোগে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বর্ণাঢ্য র্যালি শেষে সকাল ১১টায় উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালীতে দি হাঙ্গার প্রজেক্টসহ (ওয়াইপিএজি) বিভিন্ন যুব সংগঠন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে যুবক-যুবতীদের শপথ পাঠ করান উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন। সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাচন অফিসার নুরুল ইসলাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই কামরুজ্জামান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

অনুষ্ঠানে উপজেলার ২২ জন প্রশিক্ষিত যুব-যুবতীর মাঝে ১৯ লাখ ২০ হাজার টাকার ঋণের চেক প্রদান করা হয়। পাশাপাশি যুব সংগঠন নিবন্ধন সনদও বিতরণ করা হয়।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা যুব উন্নয়ন সহকারী কর্মকর্তা জাফর ইকবাল।

মুজিবনগরে বিভিন্ন সরকারি দপ্তর পরিদর্শন করলেন জেলা

প্রশাসক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন ভূমি অফিসসহ বিভিন্ন সরকারী দপ্তর পরিদর্শন করেছেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

সোমবার সকালে তিনি মোনাখালী ইউনিয়ন ভূমি অফিস, মোনাখালী ইউনিয়ন পরিষদ, ও মুজিবনগর আদর্শ মহিলা কলেজ পরিদর্শন করেন। এ সময় তিনি সরকারী কাজের অফিসের নথিপত্র যাচায়-বাছায় করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল ও মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন।

মুজিবনগরে পুলিশের অভিযানে গাঁজার গাছসহ আটক ১

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের দক্ষিণপাড়ায় গাঁজার গাছসহ বুলবুল আহমেদ (৩৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। তিনি মৃত মোনাজাত আলীর ছেলে।

বুধবার ভোররাতে গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমানের নেতৃত্বে থানার তদন্ত কর্মকর্তা জাকির হোসেন, এসআই মেজবাউল হকসহ সঙ্গীয় ফোর্স বুলবুলের বাড়িতে অভিযান চালায়। অভিযানে বাড়ির পেছনে টয়লেটের পাশ থেকে ৩টি গাঁজার গাছ উদ্ধার করা হয়।

প্রতিটি গাঁজার গাছের উচ্চতা ছিল প্রায় ১১ ফুট এবং মোট ওজন (কাঁচা) প্রায় ১৮ কেজি। উদ্ধারকৃত গাঁজার বাজারমূল্য আনুমানিক ১ লক্ষ টাকা বলে জানিয়েছে পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা অভিযান পরিচালনা করি এবং বুলবুলকে আটক করি। তার স্বীকারোক্তি অনুযায়ী গাঁজার গাছগুলো উদ্ধার করা

হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

মুজিবনগরে উপজেলা বিএনপি’র বিজয় মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল ও সমাবেশ করেছে উপজেলা বিএনপি।

৫ই আগষ্ট ছাত্র জনতার ঐতিহাসিক গণ-অভ্যুথানের বর্ষপূর্তী উপলক্ষে গতকাল মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যলয় থেকে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলামের নেতৃত্বে উপজেলার কেদারগঞ্জ বাজারে বিশাল বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

বাদ্যযন্ত্রের তালে নেচে গেয়ে শ্লোগানে শ্লোগানে ছাত্র-জনতার ঐতিহাসিক বিজয় উদযাপন করে উপজেলা বিএনপি’র নেতাকর্মী ও সমর্থকবৃন্দ। এ সময় আশে পাশের নারী পুরুষ সহ সাধারণ মানুষ রাস্তার পাশে ভিড় করে এই বিজয় মিছিল দেখতে। এ সময় তাদের চোখে মুখে ছিল আনন্দ ও তৃপ্তির হাঁসি ।

বিজয় মিছিলে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ও জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য হাজী মশিউর রহমান। উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাংগঠনিক হারুন-অর-রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র সভাপতি রাইহান কবির, সাধারণ সম্পাদক আনিছুজ্জান টুটুল দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন। উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, জেলা সেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স, মেহেরপুর সরকারী কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাইম আহনাফ লিংকন সহ মুজিবনগর উপজেলার প্রত্যেক ইউনিয়নের

ওয়ার্ড বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক সহ উপজেলা, ইউনিয়ন, ওয়ার্ড বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল, ছাত্রদলের অসংখ্য নেতাকর্মী ও সমর্থকবৃন্দ।

বিজয় মিছিলে আগে উপজেলা বিএনপি’র কার্যালয় প্রাঙ্গনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সভাপতি আমিরুল ইসলাম তার বক্তব্যে বলেন, মুজিবনগর উপজেলা বিএনপি আপনাদের নেতৃত্বে ঐক্যবদ্ধ আছে। আপনাদের বলতে চাই আগামী দিনে আরো পরীক্ষা আছে, আরো ষড়যন্ত্র আছে, সব ষড়যন্ত্র পরীক্ষা মোকাবেলা করে মুজিবনগর উপজেলা বিএনপি ঐক্যবদ্ধ থাকবে।

তিনি আরো বলেন, আমরা ইদানিং দেখছি যারা আমাদের কমিটিকে কোনদিন মানতে পারেনি যারা বলেছে আজ কমিটি ভাঙবো ঈদের পরে কমিটি ভাঙবো, কুরবানী ঈদের পরে কমিটি ভাঙবো। আমরা বলেছিলাম কেয়ামত পর্যন্ত এই কমিটি ভাঙার কোন সুযোগ নেই। আমরা বলছি এখনো সময় আছে আসেন ঐক্যবদ্ধ হয়ে বিএনপি করি, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি করি, বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি করি। শহীদ জিয়ার আদর্শে আদর্শিত হয়ে সবাই একসাথে দল করি। সবার আগে বাংলাদেশ। আগামী নির্বাচনে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী না করা পর্যন্ত এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত আমাদের সংগ্রাম চলবে।

মুজিবনগরে বিএনপি’র গণমিছিল ও সমাবেশ

জুলাই-আগস্টের ঐতিহাসিক গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রামকে এগিয়ে নেওয়া এবং জনতার বিজয়কে নিশ্চিত করার লক্ষ্যে গণমিছিল ও সমাবেশ করেছে মুজিবনগর উপজেলা বিএনপি।

মঙ্গলবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজার থেকে একটি মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মোনাখালী বাজারে গিয়ে শেষ হয়।

মিছিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।
এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা যুবদলের সিনিয়র সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, যুগ্ম সাধারণ সম্পাদক সাঈদুর রহমান সুজন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানসহ বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে দারিয়াপুর বাজারে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুণ বলেন, “দেশে ষড়যন্ত্র চলছে, আমাদের সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। আমাদের দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন। সবার আগে বাংলাদেশ। আগামী নির্বাচনে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী না করা পর্যন্ত এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে দেশে ফিরিয়ে না আনা পর্যন্ত আমাদের সংগ্রাম চলবে।”

মুজিবনগরে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মুজিবনগরে তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকালে উপজেলার দারিয়াপুর ফুটবল খেলার মাঠের উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে উপজেলা পর্যায়ের এই ফুটবল খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি

নাজমুস সাদাত রত্ন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও উপজেলা যুব উন্নয়ন অফিসার রকিবউদ্দিন উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম হাসান মুস্তাফিজুর রহমান, সাহার আলি।

উদ্বোধনী বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার ও ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল বলেন প্রথমে আমরা ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে এই টুর্নামেন্ট শুরু করি প্রত্যেকটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ের খেলোয়াড়রা ইউনিয়ন ভিত্তিক টুর্নামেন্টে অংশগ্রহণ করেন। সেখান থেকে খেলোয়ার বাছাই করে প্রত্যেকটি ইউনিয়নের দুইটা টিম গঠন করা হয়েছে।

উপজেলা পর্যায়ের খেলায় প্রত্যেকটি ইউনিয়ন থেকে দুটি টিম নকআউট পর্যায়ে অংশগ্রহণ করবে। আমাদের উদ্দেশ্য হলো তৃণমূল পর্যায় থেকে ভালো খেলোয়াড় বাছাই করে উপজেলা পর্যায়ের একটি টিম গঠন করা। সেই সাথে সমাজকে মাদকমুক্ত নেশা মুক্ত এবং মোবাইল গেম থেকে দূরে রাখার জন্য খেলাধুলার মধ্যে নিমজ্জিত করা। আমরা আশা করি তরুণ এবং যুবকদেরকে খেলার মাঠে ফিরিয়ে এনে একটি সুস্থ মাদকমুক্ত যুব সমাজ গঠনে সহায়ক হিসেবে কাজ করা।

উদ্বোধনী খেলায় মোনাখালী ইউনিয়ন বি-টিম এবং দারিয়াপুর ইউনিয়ন বি -টিম প্রতিদ্বন্দ্বিতা করেন। উত্তেজনাপূর্ণ খেলায় মনাখালী ইউনিয়ন বিটিম ৩-০ গোলে দারিয়াপুুর ইউনিয়ন বি-টিম কে পরাজিত করে।

অনলাইন জুয়াড়ি কটাকে সিআইডিতে তলব

অনলাইন জুয়ার সাম্রাজ্যের আরেক হোতা মুজিবনগরের যতারপুর গ্রামের মো. বিল্লাল হোসেন ওরফে কটাকে তলব করেছে ক্রাইম ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি) । গত ৩ জুলাই রবিবার সিআইডির কেন্দ্রীয় কার্যালয়ে হাজির করার জন্য পুলিশকে চিঠি দেয় সিআইডি। কিন্তু তাকে হাজির করা হয়েছিলো কিনা তা জানা সম্ভব হয়নি। সেটা জানার চেষ্টা চলছে।

কটার বিরুদ্ধে মানি লন্ডারিং আইনে তদন্ত করছে সিআইডি। সেই মামলার তদন্তের জন্য তাকে হাজির করাতে বলা হয়েছে।

জানা গেছে, এক সময় কটার পরিবার ছিল বেশ স্বচ্ছল। কৃষি ও বসতভিটার জায়গাসহ নানা সম্পদ ছিল তাদের দখলে। কিন্তু কটার ছোটবেলার বন্ধুদের ভাষ্যে, কৈশোরেই সে তাস, লুডু ও ক্রিকেট জুয়ার প্রতি আসক্ত হয়ে পড়ে। এই আসক্তি ক্রমেই তাকে নিমজ্জিত করে। সম্পত্তি বিক্রি করে, বন্ধক রেখে কিংবা হারিয়ে দিয়ে একপর্যায়ে সে নিঃস্ব হয়ে পড়ে। এরপর আত্মগোপনে যায়।

ফিরে আসে অনলাইন ‘দুনিয়ার’ নতুন চেহারা নিয়ে—1xBet এবং টেলিগ্রাম চ্যানেলনির্ভর জুয়া ব্যবসায়ী হিসেবে।

‘কটা’ টেলিগ্রামে 1xBet ভিত্তিক অনলাইন জুয়ার চ্যানেল চালু করে বিভিন্ন ইউনিয়নে তৈরি করে এজেন্ট ও রিচার্জ অপারেটর নেটওয়ার্ক মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট) এর মাধ্যমে দিনে লাখ লাখ টাকার লেনদেন। টাকা পাঠালে চ্যানেল পাবেন—এই প্রতিশ্রুতি দিয়ে শতাধিক মানুষকে প্রতারিত করে কোটি কোটি টাকা হাতিয়ে নেয়। অনেকে জমি বিক্রি, স্বর্ণ বিক্রি করে বা ঋণ নিয়ে টাকা দিলেও কোনো সেবা পাননি

সবজি বিক্রেতা রফিক, কটার অনলাইন জুয়া চ্যানেল পাওয়ার আশায় ঘর ও জমি বন্ধক দিয়ে ১২ লাখ টাকা দেন। কিন্তু টাকা নেওয়ার পর কটা উল্টো তৎকালীন ডিবি কর্মকর্তার সঙ্গে সম্পর্ক গড়ে তুলে রফিককেই অনলাইন জুয়ার মামলায় আসামি করে জেলে পাঠান। আজ রফিক নিঃস্ব হয়ে পরিবার পরিজন নিয়ে অসহায় জীবন যাপন করছেন।

অনুসন্ধানে উঠে আসা সম্পদের হিসাব সূত্রে পাওয়া তথ্যে কটা ওরফে বিল্লাল হোসেন বর্তমানে যা যা অর্জন করেছেন তার মধ্যে রয়েছে মেহেরপুর শহরে প্রায় ৪ কোটি টাকার জমি, যতারপুর, শিবপুর ও আশপাশে ৫০ বিঘার বেশি জমি (২০২২–২০২৫ সালের মধ্যে ক্রয়), ৭০ লাখ টাকার করোলা ক্রস গাড়ি (নগদে কেনা), ঢাকার বসুন্ধরাসহ অভিজাত এলাকায় একাধিক ফ্ল্যাট। ব্যাংকে টাকা না রেখে কোটি টাকার সমপরিমাণ সোনা মজুদ। প্রতিদিন মোবাইল লেনদেনে লাখ লাখ টাকা ঘোরে আয়কর দাখিল নেই, কোনো বৈধ ব্যবসার অস্তিত্ব নেই, তদন্ত হচ্ছে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর ২৫(১) ধারা অনুযায়ী।

সিআইডি সূত্রে জানা গেছে, তার জমি, ফ্ল্যাট, মোবাইল লেনদেন, সোনা মজুদের উৎস যাচাই করা হচ্ছে শিগগিরই তার সম্পদ জব্দ ও

ব্যাংক হিসাব ফ্রিজ করার উদ্যোগ নেওয়া হতে পারে কর ফাঁকি, প্রতারণা ও ডিজিটাল নিরাপত্তা আইনে বহু ধারায় মামলা হতে পারে। স্থানীয়রা জানান, এক সময় কটারপরিবার ছিল ধনীর তালিকায়। কিন্তু কটার জুয়ার নেশায় সব শেষ হয়ে যায়। এখন আবার সেই জুয়া দিয়েই কোটি টাকার মালিক হয়েছে সে।

তবে সে কোটিপতি হলে গ্রামের অনেক তরুন আজ পথে বসেছে। সে শুধু নিজে কোটিপতি হয়ে আর শত শত পরিবারকে ধ্বংস করে পথে বসিয়েছে। তার জুয়ার চ্যানেল চালাতে গিয়ে মেহেরপুর শহরের একটি কফি হাউজ থেকে অনলাইন জুয়ার আর চার এজেন্টকে চ্যানেল বিক্রয় করার সময় সময় হাতে নাতে আটক করেছে তৎকালীন গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটক অনলাইন জুয়ার এজেন্টরা হলেন- মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের সাইদুর ইসলাম (২২), জাহাঙ্গীর আলম (২৫),রফিকুল ইসলাম
(৪১) এবং সদও উপজেলার পিরোজপুর গ্রামের সুমন খন্দকার (৩৬)। আটকরা যতারপুর গ্রামের কটা বিশ্বাসের চ্যানেল পরিচালনা করতেন বলে মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে উঠে এসেছিলো।

শনিবার দিবাগত রাত ১১টার দিকে শহরের কাথুলী সড়কের এবি ক্যাফে রেস্টুরেন্ট অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এসময় তাদেও কাছে থেকে ৫টি মোবাইল ফোন, অনলাইন জুয়ার সাইট পরিচালিত ২টি নগদ ও বিকাশের এজেন্ট সিম, নগদ ৫০ হাজার টাকা এবং ১০টি সিম উদ্ধার করেছে পুলিশ।

মুজিবনগরে ৪ বছরের শিশুকে শ্লীলতাহানির অপরাধে এক ব্যক্তি গ্রেফতার

মুজিবনগরে ৪ বছরের শিশুর উপর যৌন কামনা চরিতার্থ ও তার শ্রীলতাহানির অপরাধে আসান দফাদার (৫৫) নামে এক ব্যক্তি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল রবিবার বিকেলে অসৎ উদ্দেশ্যে শরীরের বিভিন্ন স্পর্শকাতরস্থানে হাত দিয়ে যৌন কামনা চরিতার্থ ও শ্লীলতাহানির অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলার পরিপ্রেক্ষিতে মুজিবনগর থানা পুলিশ তাকে গ্রেফতার করে।

আসান দফাদার মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামের মৃত নেরু চৌকিদারের ছেলে।

ঘটনার বিবরণীতে জানা যায় রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ভবেরপাড়া গ্রামের তুহিন (ছদ্দনাম) ৪ বছর বয়সি মেয়ে রিমা (ছদ্দনাম) দোকান থেকে প্যাটিস নিয়ে বাড়ি যাওয়ার সময় আসান দফাদারের দোকানের সামনে পৌঁছালে আসামী শিশু কন্যাকে ফুঁসলিয়ে তার চায়ের দোকানের মধ্য নিয়ে কেউ না থাকার সুযোগে অসৎ উদ্দেশ্যে কোলের উপর বসিয়ে মোবাইলে বিভিন্ন প্রকার অশ্লীল ছবি দেখায় এবং শরীরের বিভিন্ন স্পর্শকাতরস্থানে হাত দিয়ে যৌন কামনা চরিতার্থ ও শ্রীলতাহানি করে। এ সময় বাচ্চা শিশুটির পিতা আসামির দোকানের সামনে দিয়ে বাড়ি যাওয়ার সময় শিশুটির পিতা শিশুটিকে কান্নারত অবস্থায় দোকানে দেখতে পাই এ সময় শিশুটি তার পিতাকে দেখতে পেয়ে কান্না করতে থাকলে আসামি মেয়েটিকে ছেড়ে দেয় এ সময় মেয়েটি কান্না করতে করতে তার পিতার নিকট আসে এ সময় আসামি আসান দফাদার দৌড়ে পালিয়ে যায়।

এ সময় শিশুটি তার পিতাসহ আশেপাশের লোকজনের সামনে তার সাথে ঘটা ঘটনার বিষয়টি বলে। ঘটনা শুনে শিশুটির পিতা মুজিবনগর থানায় উপস্থিত হয়ে আসামি আসান দফাদারের নামে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করে।

থানা পুলিশ অভিযান চালিয়ে আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়। আসামি বর্তমানে মুজিবনগর থানা পুলিশ হেফাজতে আছে।

ঘটনার সত্যতা স্বীকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ(তদন্ত) জাকির হোসেন বলেন, মুজিবনগর থানায় আসামির বিরুদ্ধে ২০০০ সালের ১০ ধারায় নারি ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের হয়েছে। আসামিকে গ্রেপ্তার করা হয়েছে এবং বর্তমানে আসামি পুলিশ হেফাজতে আছে। আইন অনুযায়ী সমস্ত কার্যক্রম শেষে তাকে আদালতে সোপর্দ করা হবে।

মুজিবনগরে পিএসকেএস এর উদ্যোগে বিনামূল্যে ফলজ বৃক্ষের চারা বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতর নিজস্ব অর্থায়নে বিনামূল্যে ফলজ গাছের চারা বিতরন করা হয়েছে।

রবিবার বিকেলে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে সাধারণ জনগণের মাঝে ২শত ৫০ টি পেয়ারা গাছের চারা এবং ২শত ৫০ টি কাঁঠাল গাছের চারা বিতরণ করা হয়েছে। পরিবেশের ভারসাম্য রক্ষা ও দেশিও ফলের উৎপাদন বৃদ্ধি এবং সবুজ বাংলাদেশ গড়ার লক্ষে এমন উদ্যোগ নেয়া হয়েছে বলে জানান আয়োজকরা।

ফলজ বৃক্ষের চারা বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির কর্মসংস্থান সৃষ্টি রিজিওনাল ম্যানেজার সেলিম রেজা। এছাড়াও আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন প্রবীণ সভাপতি আফজাল হোসেন এবং সহ-সভাপতি গন আরো উপস্থিত ছিলেন উপজেলা সমন্বয়কারী হাসানুজ্জামান, সহকারী উপজেলা কর্মসূচি সমন্বয়কারী রহিম আক্তার এবং স্বাস্থ্য কর্মকর্তা ইয়াস্তুরা সুলতানা।

মুজিবনগর সীমান্তে ১৭ বাংলাদেশীকে ফেরৎ

মেহেরপুরের মুজিবনগর সীমান্তে বিজিবি ও বিএসএফের মধ্য পতাকা বৈঠকের মাধ্যমে চার শিশু, পাঁচ নারীসহ ১৭ বাংলাদেশীকে ফেরৎ পাঠিয়েছে বিএসএফ।

আজ শুক্রবার সকাল সাড়ে ১১টা থেকে ১২ টা পর্যন্ত ৬ বিজিবি এবং ১৬১

বি এস এফ এর কোম্পানি কমান্ডার পর্যায় পতাকা বৈঠকের মাধ্যমে এসব বাংলাদেশীকে ফেরৎ দেন তারা।

আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০৫ এর নিকট নোম্যান্সল্যান্ডের কাছে এই বৈঠক অনুষ্ঠিত হয় । ফেরৎ আসা সবাই খুলনার ডুমুরিয়া উপজেলার বাসিন্দা।

শুক্রবার বিকাল তিনটার সময় ৬ বিজিবির চুয়াডাঙ্গা সেক্টর কমান্ডার থেকে প্রেস বিজ্ঞপ্তি দিয়ে এ তথ্য নিশ্চিত করেছেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিভিন্ন সময় বাংলাদেশ থেকে ভারতে অবৈধ ভাবে অনুপ্রবেশ করে ভারতের বিভিন্ন রাজ্যে এসব বাংলাদেশী দীর্ঘদিন যাবৎ বসবাস করছিলেন। এসব বাংলাদেশীকে যথাযথ আইনী প্রক্রিয়া শেষে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়েছে।